

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৬৪.৩১.১৩০.১৫-০৭০

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩২
০৩ ডিসেম্বর ২০২৫


বিষয়: চট্টগ্রাম জেলার লোহাগাড়া পৌরসভা গঠন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় গত ১২ নভেম্বর, ২০২৫ তারিখে প্রকাশিত এস. আর. ও. নং- ৪৪৬-আইন/২০২৫ এর মাধ্যমে ঘোষিত শহর এলাকা ঘোষণার অভিপ্রায় সংক্রান্ত প্রজ্ঞাপনের কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

চট্টগ্রাম জেলার লোহাগাড়া উপজেলা সদরে লোহাগাড়া পৌরসভা গঠনের লক্ষ্যে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩ ধারার উপ-ধারা (৩) এর বিধানমতে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত সংক্রান্ত প্রজ্ঞাপনের বিরুদ্ধে উক্ত এলাকার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ অনূর্ধ্ব ০১(এক) মাসের মধ্যে সরকারের পক্ষে জেলা প্রশাসক বরাবর লিখিত আপত্তি উত্থাপন করতে পারবে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩ ধারার উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত সংক্রান্ত প্রজ্ঞাপনের বিষয়ে উত্থাপিত আপত্তিসমূহ (যদি থাকে) ধারা ৩ এর উপ-ধারা (৪) মোতাবেক নিষ্পত্তি করে এ বিভাগে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: শহর এলাকার অভিপ্রায় সংক্রান্ত প্রজ্ঞাপন।


(মোঃ মোশাররফ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-০২-২২৩৩৫৫৫৭২
e-mail: lgpaura2@lgd.gov.bd

জেলা প্রশাসক
চট্টগ্রাম।

অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম।
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।